## AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 07.09.2026** **Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/গোয়ার পানাজিতে পশ্চিমাঞ্চলীয় পরিষদের বৈঠকে কেন্দ্র ও রাজ্যের মধ্যে অভিন্ন বিষয় নিয়ে আলোচনা হচ্ছে। বৈঠকে সভাপতিত্ব করছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

২/ দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা, গতকালের ভেঙে পড়া বহুতলের আশপাশে বিপজ্জনক বাড়ি চিহ্নিত করে ভাঙ্গার নির্দেশ দিয়েছেন।

৩/ ED আখবার-ই-মাশরিক পত্রিকা মামলায় কলকাতা, দিল্লি ও রাঁচি সহ দেশের সাতটি জায়গায় তল্লাশি অভিযান চালিয়েছে।

৪/ প্রথম জম্মু ও কাশ্মীর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে উৎসবে ৪০টি দেশের ১৩৫টি ছবি দেখানো হবে।

৫/ কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রকের নবম ‘রাষ্ট্রীয় পোষণ মাহ্-২০২৬, আগামী বুধবার বারাণসীতে চালু হবে।

৬/ গতবারের চ্যাম্পিয়ন আরিয়ানা সাবালেঙ্কা ও কার্লোস আলকারাজ ইউএস ওপেন টেনিসের কোয়ার্টার ফাইনালে পৌঁছেছেন।

**************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ গোয়ার রাজধানী পানাজিতে পশ্চিমাঞ্চলীয় পরিষদের ২৮তম বৈঠকে সভাপতিত্ব করছেন। স্বরাষ্ট্র মন্ত্রকের আন্তঃরাজ্য পরিষদ সচিবালয় এই বৈঠকের আয়োজন করেছে। পশ্চিম আঞ্চলিক পরিষদের অন্তর্ভুক্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি হলো গোয়া, গুজরাট, মহারাষ্ট্র এবং দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ। এই পরিষদে পশ্চিমাঞ্চলের প্রতিটি রাজ্যের মুখ্যমন্ত্রী এবং দুজন করে বরিষ্ঠ মন্ত্রী সদস্য হিসেবে অংশ নিচ্ছেন। পাশাপাশি কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারাও আজকের এই বৈঠকে উপস্থিত থাকবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় কাঠামোর ভাবনার ওপর ভিত্তি করে তৈরি 'টিম ভারত'-এর গঠনে এই আঞ্চলিক পরিষদগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক উন্নয়নের জন্য সমবায় ও প্রতিযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

**********************************************************************

লাক্সেমবার্গের উপ-প্রধানমন্ত্রী তথা বিদেশ মন্ত্রী হাভিয়ার বেটেল সরকারি সফরে নতুন দিল্লি এসে পৌঁছেছেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, আজই তিনি রাজধানীতে ভারতের বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক বার্তায় বিদেশ মুখপাত্র রণধীর জয়সোয়াল জানিয়েছেন, এই সফরের মাধ্যমে ভারত ও লাক্সেমবার্গের বহুমাত্রিক দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে।

**********************************************************************

দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা, আরেক মন্ত্রী মনজিন্দার সিং সির্সা-কে নিয়ে নতুন দিল্লির সত্য নিকেতন এলাকায় বহুতল ভেঙ্গে পড়া জায়গাটি আজ সকালে পরিদর্শন করেন। পরিস্থিতি খতিয়ে দেখার পর সাংবাদিকদের তিনি জানান, বেশ কয়েক দশকের পুরনো এই বাড়িটির ভগ্নস্তূপে প্রায় ৮০ শতাংশ পরিস্কার করা হয়েছে।
রেখা গুপ্তা বলেন, ১২ জনকে উদ্ধার করা হয়েছে, তার মধ্যে ৬'জনের মৃত্যু হয়েছে। অন্য ৬'জনের অবস্থা স্থিতিশীল। ক্ষতিগ্রস্ত পড়ুয়াদের বাবা মা-দের সঙ্গে সরকার যোগাযোগ রেখে চলেছে। বাড়ির মালিকদের অবহেলার কারণেই এই মর্মান্তিক দুর্ঘটনা বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। মালিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়ে শ্রীমতী গুপ্তা বলেন, আশপাশের এধরণের বিপজ্জনক ভবন, চিহ্নিত করে সেগুলি ভেঙ্গে ফেলা হবে।

( বাইট- রেখা গুপ্তা )

সির্সা বলেন, জাতীয় বিপর্যয় বাহিনী সেখানে তৎপরতা চালিয়ে যাচ্ছে। এই দুর্ঘটনার দায়ী কর্মীদের সাসপেন্ড করার জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন।

**********************************************************************

দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা নতুন দিল্লীর সত্য নিকেতন এলাকায় বাড়ি ভেঙে পড়ার ঘটনার বিষয়ে ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছেন। পাশাপাশি ভবনের মালিকের বিরুদ্ধেও এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী কার্যালয় সূত্রে জানা গেছে, ঘটনাস্থল পরিদর্শন ও প্রাথমিক পর্যালোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হল।

এদিকে, গতকাল গভীর রাতে আরও একটি মৃতদেহ উদ্ধারের পর এই ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৬। ধ্বংসস্তূপ সরানোর কাজ এবং আটকে পড়া কোনো ব্যক্তি এখনও সেখানে আছে কিনা, তা উদ্ধারকারী দল খুঁজে দেখছে। এনডিআরএফ, দমকল বাহিনী, দিল্লী পুলিশ এবং অন্যান্য সংস্থাগুলি ধ্বংসস্তূপ সরানোর কাজ চালিয়ে যাচ্ছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, দিল্লির মুখ্যমন্ত্রী, দিল্লি পুলিশ কমিশনার এবং এন ডি আর এফের মহানির্দেশকের সঙ্গে কথা বলেছেন এবং ঘটনাস্থলে গিয়ে পরি স্থিতি পর্যবেক্ষন করেন। তিনি এই দুর্ঘটনায় আহতদের প্রয়োজনীয় সমস্ত চিকিৎসা সহায়তা দেওয়ার নির্দেশ দেন। ঐ ভবনটিতে পেয়িং গেস্ট হিসেবে ব্যবহৃত হচ্ছিল।

পুলিশের এক আধিকারিক জানিয়েছেন যে বেলা গতকাল দেড়টা নাগাদ ঐ ভবনের বেসমেন্টে মেরামতির কাজ চলার সময় ভবনটি ধসে পড়ে।

*************************************************************************

অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস- এইমস জানিয়েছে যে, সত্যনিকেতনে ভবন ধসের ঘটনায় আহত ১১ জন রোগীকে তাদের এখানে আনা হয়েছিল। এঁদের মধ্যে ৫ জনকে ট্রমা সেন্টারে মৃত অবস্থায় আনা হয় এবং আশঙ্কাজনক অবস্থায় থাকা আরও একজন রোগী পরে আঘাতের কারণে মারা যান। এইমস জানিয়েছেন গুরুতর আহত ৩ জন রোগীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং তাঁদের চিকিৎসা চলছে। একজনের অঙ্গের অস্ত্রোপচার করা হয়েছে এবং সামান্য আঘাতপ্রাপ্ত অন্য একজনকে পর্যবেক্ষণে রাখার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

দিল্লীর মেয়র প্রবেশ ওয়াহি জানিয়েছেন, চার তলার বেশি উচ্চতা বিশিষ্ট অবৈধ নির্মাণগুলি সিল করে দেওয়া হবে। এজন্য দায়ী সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া বলেও তিনি জানান। ভবন ধসের ঘটনার প্রেক্ষিতে দিল্লীর শ্রী ভেঙ্কটেশ্বর কলেজ আজ বন্ধ থাকছে। কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, সত্য নিকেনত এলাকায় বেশকিছু কলেজ পড়ুয়া ভাড়াটে থাকার কারণে শিক্ষার্থীদের মধ্যে নিরাপত্তাহীনতার বোধ তৈরি হওয়ায় সাময়িকভাবে তাদের কলেজেই থাকার ব্যবস্থা করা হচ্ছে। এই একই কারণে আর্যভট্ট কলেজেও আজ পঠনপাঠন বন্ধ থাকছে। এই কলেজটিতেও ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের জন্য একটি অস্থায়ী আশ্রয় কেন্দ্র তৈরি করা হয়েছে।

*************************************************************************

কেন্দ্রীয় তদন্ত সংস্থা ইডি কলকাতা, দিল্লি এবং রাঁচির সাতটি স্থানে তল্লাশি চালিয়েছে। ইডি জানিয়েছে, আখবার-ই-মাশরিক প্রাইভেট লিমিটেড নামের একটি উর্দু দৈনিক সংবাদপত্র এবং এর পরিচালক তথা তৃণমূল কংগ্রেস সাংসদ নাদিমুল হকের বিরুদ্ধে বিধাননগর পুলিশ কমিশনারেটের দায়ের করা FIR-এর ভিত্তিতে একটি এনফোর্সমেন্ট কেস ইনফরমেশন রিপোর্ট নথিভুক্ত করা হয়েছে। ইডি আরও জানিয়েছে , ওই সংবাদপত্রে প্রকাশিত কিছু খবরের বিরুদ্ধে অভিযোগ যে সেই খবরগুলি সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার উদ্দেশ্যে প্রকাশিত হয়েছে। এছাড়াও এই মামলায় বেআইনি আর্থিক লেনদেন, অঘোষিত নগদ লেনদেন এবং সন্দেহজনক উৎস থেকে অর্থ সংগ্রহের অভিযোগও রয়েছে।

*************************************************************************

ইন্ডিয়ান স্পেস অর্গানাইজেশন ইসরো-কে বেসরকারীকরণ করা হচ্ছে - সমাজমাধ্যমে ছড়িয়ে পড়া একটি খবরকে ভিত্তিহীন বলে তারা স্পষ্ট করেছেন। সমাজ মাধ্যমে দেওয়া এক বার্তায় ইসরো জানিয়েছে, এই সংস্থাটিকে বেসরকারীকরণ করা হচ্ছে না এবং এর গুরুত্বও কমানো হচ্ছে না। মহাকাশ কর্মসূচীতে বেসরকারী অংশগ্রহণের ফলে এই শিল্প ব্যবস্থায় আরও উন্নত প্রযুক্তির ব্যবহারের সুযোগ এবং আরও বড় পরিসর সৃষ্টি হচ্ছে। ভারতের শিল্প ও প্রযুক্তর ধারাবাহিক উন্নতির কথা উল্লেখ করে ইসরো জানিয়েছে, মহাকাশ কার্যক্রমেও

আরও বড় পরিসরে কাজ করার ভারতের যোগ্যতা রয়েছে। এর ফলে আরও ব্যাপক হারে উত্পাদন, বাণিজ্যিকীকরণ, উদ্ভাবন এবং বিশ্ব বাজারে প্রবেশাধিকার নিশ্চিত হবে। পাশাপাশি ইসরোর বিজ্ঞানী এবং প্রযুক্তিবিদরা আরও উন্নত গবেষণা এবং প্রযুক্তির উন্নতি ঘটিয়ে আরও বৃহত্ অভিযানের ওপর মনোযোগ দিতে পারবেন।

*************************************************************************

প্রথম জম্মু ও কাশ্মীর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব–IFFJK এর আজ উদ্বোধন। এই উৎসবকে স্থানীয় চলচ্চিত্র নির্মাতা ও চলচ্চিত্র শিল্পের সঙ্গে যুক্ত কলাকুশলী ও শিল্পীদের বৃহত্তর আন্তর্জাতিক চলচ্চিত্র শিল্পের সঙ্গে পরিচিত করার এক গুরুত্বপূর্ণ সুযোগ হিসেবে দেখা হচ্ছে। পাশাপাশি, বিনিয়োগ ও কর্মসংস্থানের নতুন দিগন্ত উন্মোচনের সম্ভাবনাও তৈরি হবে। শ্রীনগর , জম্মু এবং গুলমার্গে আয়োজিত চার দিনব্যাপী এই উৎসবে ৪০টি দেশের ১৩৫টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। পুরস্কারপ্রাপ্ত কাশ্মীরি চলচ্চিত্র নির্মাতা আরিফ বশীর জানিয়েছেন, এই উৎসব স্থানীয় নির্মাতাদের আন্তর্জাতিক চলচ্চিত্র দেখার, চলচ্চিত্রকারদের সঙ্গে মতবিনিময় করার এবং মাস্টার-ক্লাসে অংশ নেওয়ার সুযোগ করে দেবে।

অভিজ্ঞ চলচ্চিত্র সমালোচক হাকিম ইরফান বলেছেন, এই উৎসব প্রযোজক, পরিবেশক ও লগ্নিকারিদের জম্মু ও কাশ্মীরে নিয়ে আসতে পারে। এতে বিনিয়োগ আকর্ষণ ও প্রযোজনা পরিকাঠামো শক্তিশালী হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি চলচ্চিত্র শিল্পের জন্য প্রয়োজনীয় স্থায়ী পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপরেও জোর দিয়েছেন।

*************************************************************************

মহিলা ও শিশু বিকাশ মন্ত্রকের নবম ‘রাষ্ট্রীয় পোষণ মাহ্-২০২৬ , আগামী বুধবার বারাণসীতে চালু হবে। ‘মিশন সক্ষম অঙ্গনওয়ারি ও পোষণ –টু’-এর আওতায় সংশোধিত পরিপূরক পুষ্টি কর্মসূচী নীতি নির্দেশিকা অনুযায়ী এবারের এই প্রচার অভিযান, বিশেষ গুরুত্ব পাচ্ছে। এই প্রথম রান্না করা গরম খাবারের সংজ্ঞা, নির্দিষ্টভাবে দেওয়া হয়েছে। অঙ্গনওয়ারি ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য এই পুষ্টি কর্মসূচীর খাদ্য তালিকা নির্দিষ্ট করা হয়েছে। ২০৪৭-এর মধ্যে ‘বিকশিত ভারতের’ ভিত্তি হিসেবে সুপোষিত ভারতের নির্দেশিকা অনুযায়ী ২০১৮ সালে ‘পোষণ অভিযান’ শুরু করা হয়। প্রতিবছর সেপ্টেম্বর মাসে ‘রাষ্ট্রীয় পোষণ মাহ্’ হিসেবে পালন করা হয়। ইতমধ্যেই তা’ জনআন্দোলনের রূপ নিয়েছে। মহিলা ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী ‘হামারি অঙ্গনওয়ারি-হামারি জিম্মেদারি’-এই মূল ভাবনার আওতায় ‘নবম পোষণ মাহ্’-এর সূচনা করবেন।

*************************************************************************

রাজ্য সরকার তিন ধরনের সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় মাসিক ভাতা ১,০০০ টাকা থেকে বাড়িয়ে ১,৫০০ টাকা করার সিদ্ধান্ত কার্যকর করেছে। নবান্নে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বর্ধিত হারে

বার্ধক্য ভাতা, স্বামীহীনা ভাতা, প্রতিবন্ধী ভাতা প্রদানের আনুষ্ঠানিক সূচনা করেন। নারী ও শিশু কল্যাণ দফতরের এই তিন প্রকল্প মিলিয়ে ৮২ লক্ষেরও বেশি উপভোক্তা সেপ্টেম্বরেই বর্ধিত হারে ভাতা পাবেন বলে তিনি জানিয়েছেন । এই খাতে বছরে মোট ব্যয় হবে প্রায় ১৪,৭৭১ কোটি টাকা। শুধু ভাতা বৃদ্ধির জন্যই রাজ্যের অতিরিক্ত ব্যয় হবে প্রায় ৬,০০০ কোটি টাকা।
অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের আর্থিক অবস্থা এখনও দুর্বল। আগের সরকারের আমলে আর্থিক শৃঙ্খলার অভাব, রাজস্ব ক্ষতি এবং কেন্দ্রীয় প্রকল্পে অংশ না নেওয়ার ফলে রাজ্য কার্যত সংকটের মুখে পড়েছিল। তবে কেন্দ্রীয় প্রকল্পে যোগদান, রাজস্ব আদায় বৃদ্ধি এবং আর্থিক অনিয়মে লাগাম টানার ফলে পরিস্থিতির উন্নতি শুরু হয়েছে।

********************************************************************

ভারতীয় আবহাওয়া বিভাগ (আইএমডি) আজ বিহার, মধ্যপ্রদেশ, পূর্ব উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন অংশে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ অন্ধ্রপ্রদেশ, ঝাড়খণ্ড, ওড়িশা, কর্ণাটক এবং তামিলনাড়ুতে বজ্রবিদ্যুৎ এবং দমকা হাওয়া সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া পুদুচেরি, কারাইকাল, বিদর্ভ, ছত্তিশগড়, পূর্ব রাজস্থান এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জেও একই ধরনের আবহাওয়া বজায় থাকতে পারে।

********************************************************************

বিহারের বন্যা পরিস্থিতি এখনও উদ্বেগজনক। গঙ্গা সহ একাধিক প্রধান নদী বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। তবে ইন্দ্রপুরী ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ কমে দাঁড়িয়েছে প্রায় এক লক্ষ ৯৬ হাজার কিউসেকে। জল ছাড়ার পরিমাণ কমে যাওয়ায় দিঘা এবং গান্ধী ঘাটে গঙ্গার জলের চাপ অনেকটাই কমেছে। এদিকে, দুর্গত এলাকাগুলিতে ত্রাণ ও উদ্ধারের কাজ জোরকদমে চলছে। জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর পাশাপাশি সরকারি জলযান গুলিকে সহায়তার কাজে মোতায়েন রাখা হয়েছে।

********************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় কমপক্ষে পাঁচজনের মৃত্যু হয়েছে, আহত আরও পাঁচ। গতকাল মায়ামি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় 'অ্যামাজন প্রাইম এয়ার'-এর পণ্যবাহী বিমানটি রানওয়ে ছাড়িয়ে দুর্ঘটনার মুখে পড়ে। আহতদের মধ্যে তিনজনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক।
অ্যামাজন এবং আমেরিকার ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছে। তদন্ত শুরু হয়েছে। উল্লেখ্য, এর আগে ২০১৯ সালেও অ্যামাজন প্রাইম এয়ারের সঙ্গে যুক্ত একটি ঠিকাদারি সংস্থার বিমান মারাত্মক দুর্ঘটনার সম্মুখীন হয়েছিল।

********************************************************************

রাশিয়া-ইউক্রেন সংঘাত অবসানের লক্ষ্যে ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি গতকাল কিভে মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফ এবং জ্যারেড কুশনারের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছেন। আলোচনার ফাঁকে

জেলেনস্কি জানান, এই যুদ্ধ সমাপ্তির ক্ষেত্রে ভূখণ্ডগত বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে কিছু জটিল প্রশ্নের সমাধান হওয়া প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন। বৈঠকে ভূখণ্ডগত বিষয়, নিরাপত্তা নিশ্চয়তা, ইউক্রেনের ভবিষ্যৎ এবং অর্থনৈতিক পুনরুদ্ধারের পরিকল্পনা নিয়ে মোট তিন দফায় আলোচনা হয়। উইটকফ জানান, মস্কোয় রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে আলোচনার কিছু প্রস্তাব মার্কিন প্রতিনিধি দল এই বৈঠকে নিয়ে এসেছে। ওয়াশিংটন এই সংঘাতের একটি কূটনৈতিক সমাধান চায় বলে তিনি স্পষ্ট জানিয়েছেন।

*************************************************************************

গতবারের চ্যাম্পিয়ন আরিনা সাবালেঙ্কা ও কার্লোস আলকারাজ ইউএস ওপেন টেনিসের  কোয়ার্টার ফাইনালে পৌঁছেছেন । গতকাল আর্থার অ্যাশ স্টেডিয়ামে  মহিলা সিঙ্গেলসের  রাউন্ড অব ১৬-এ বেলারুশের শীর্ষ বাছাই সাবালেঙ্কা আমেরিকার টেলর টাউনসেন্ডকে ৬-৪, ৬-৩ গেমে হারিয়ে দেন । আগামীকাল কোয়ার্টার ফাইনালে তিনি চেক প্রজাতন্ত্রের লিন্ডা নস্কোভার মুখোমুখি হবেন ।

অন্যদিকে পুরুষ সিঙ্গেলসের রাউন্ড অব ১৬-এ স্পেনের কার্লোস আলকারাজ আমেরিকার টমি পলকে ৬-৪, ৬-৩, ৬-৪ গেমে পরাজিত করেছেন। আগামীকাল কোয়ার্টার ফাইনালে তিনি অষ্টম বাছাই আমেরিকার বেন শেলটনের বিরুদ্ধে খেলবেন ।

*************************************************************************

ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট  আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের  ম্যাচে মুখোমুখি হবে। বারাসাতের বিদ্যাসাগর ক্রীড়াঙ্গনে  খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। দুটি দলই ইতিমধ্যে সুপার সিক্স এ পৌঁছে গেছে । তাই ম্যাচের ফলাফলের ওপর কোন প্রভাব পড়বে না। ডার্বি ম্যাচ জিতলে ইস্টবেঙ্গল অপরাজিত ভাবে গ্রুপ এ, র শীর্ষ স্থানে থেকে সুপার সিক্স এ যাবে। এই মুহূর্তে গ্রুপ এ, তে ভবানীপুর ক্লাব প্রথম ,ইস্টবেঙ্গল দ্বিতীয় ,মোহনবাগান তৃতীয় স্থানে থেকে সুপার সিক্স এ উঠেছে।

*************************************************************************